

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৩.১১৬.০২.০০.০০১.২০১৭-০২০


তারিখঃ ২১.০৮.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৭ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীদের আবেদনপত্র নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০১.০৮.২০১৭ তারিখের ৮০.১০৪.০৩৯.০০.০৫.২য়.২০১৭-১১২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সূত্রোক্ত স্মারক অনুযায়ী দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা/২০১৭ এ অংশগ্রহণেচ্ছু প্রার্থীদের আবেদনপত্রসমূহ আগামী ০৪ অক্টোবর (বুধবার), ২০১৭ তারিখ অফিস সময়ের মধ্যে পিএসসি'তে না পৌঁছালে বাতিল বলে গণ্য হবে বিধায় আবেদনপত্রসমূহ যথাসময়ে পিএসসি'তে প্রেরণের জন্য শুধুমাত্র স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের এ অধিশাখায় আবশ্যিকভাবে পৌঁছানোর জন্য অনুরোধ করা হল। স্বাস্থ্য অধিদপ্তর হতে কোন আবেদন ৩০ সেপ্টেম্বর/২০১৭ তারিখের পরে এ অধিশাখায় পৌঁছলে তা পিএসসি-তে পাঠানোর সুযোগ নেই।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।


(এ. এম. ফারুক হোসেন)
যুগ্মসচিব (পার-২) ২১/৮/২০১৭
ফোনঃ ৯৫৪০৪৪৮
dsper2@mohfw.gov.bd

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সকলকে অবহিত এবং মন্ত্রণালয়ে প্রেরিতব্য অগ্রায়ন পত্রে আবেদনকারীদের সংখ্যা ও তালিকা ছকে আবশ্যিকভাবে উল্লেখ করার অনুরোধসহ)।
- ৩। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ। (অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার আবেদন স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে ব্যতিত গ্রহণ করা হয়না বিষয়টি জঁর বিভাগের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পত্রটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৭/১০/১৯

নং-৮০.১০৪.০৩৯.০০.০৫.২য়.২০১৭-১১২

তারিখঃ ০১ আগস্ট, ২০১৭খ্রিঃ

বিষয়ঃ ২০১৭ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠান এবং আবেদনপত্র আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা আগামী ডিসেম্বর/২০১৭ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংবাদপত্র ও ওয়েব সাইটে (www.bpsc.gov.bd) প্রকাশ করা হবে। আগামী ২১ আগস্ট দুপুর ১২.০০ ঘটিকা থেকে ১৯ সেপ্টেম্বর ২০১৭ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকার মধ্যে অনলাইন-এ আবেদনপত্র (সফট কপি) নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইন-এ আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড কপি (হার্ড কপি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে আগামী ০৪ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি সরকারী কর্মকমিশনে পাঠানোর কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

বিশেষ দ্রষ্টব্য যে সকল কর্মকর্তা নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এন ক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র/হার্ডকপি বাতিল বলে গণ্য করা হবে।

২। অনলাইন-এ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপি(হার্ড কপি) যথাযথ আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। প্রেরিত আবেদনপত্র (হার্ড কপি) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরণের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সংবলিত আবেদনপত্র (হার্ড কপি) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থীতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা পরিহারের জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইন-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হলো।

৩। উপরিউক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুযায়ী ২০১৭ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪। উল্লেখ্য যে, কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র (কারণ যাই হোক) বিবেচনা করা হবে না এবং প্রবেশ পত্র (ছবি সংবলিত download কৃত) ব্যতীত কোনো কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

সংযুক্তি : বর্ণনা অনুযায়ী।

স্বাক্ষর
স্বাক্ষর: মোঃ শেখা বিজয়
স্বাক্ষর: মনুজানন্দ
স্বাক্ষর: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
সচিব

০৫৭৪ ০৭/৮/১৭

(মোঃ শাহ আলম মৃধা)
পরিচালক(যুগ্ম-সচিব)
ফোনঃ ৫৫০০৬৬২৫(অঃ)

২০১৭
০৮/৮/১৭

বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০৩৯.০০.০৫.২য়.২০১৭-১১১

তারিখঃ ০১ আগষ্ট, ২০১৭খ্রিঃ


বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৭ গ্রহণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার (নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি / অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন পরিদপ্তরের সাব-রেজিস্ট্রার, বিনিয়োগ বোর্ড-এর কর্মকর্তা এবং শ্রম অধিদপ্তরের (শ্রম শাখা) কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহের পরিদর্শন অধিদপ্তরের কারিগরি / অকারিগরি) কর্মকর্তাদের ২০১৭ সনের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর, ২০১৭ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ২১ আগষ্ট দুপুর ১২.০০ ঘটিকা থেকে ১৯ সেপ্টেম্বর ২০১৭ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকার মধ্যে অনলাইন-এ আবেদনপত্র (সফট কপি) নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইন-এ আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড কপি (হার্ড কপি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে আগামী ৪ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি সরকারী কর্মকমিশনে পাঠানোর কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

[বিশেষ দ্রষ্টব্য যে সকল কর্মকর্তা নন-ক্যাডার থেকে বিপিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এন ক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র/হার্ডকপি বাতিল বলে গণ্য করা হবে।]

২. অনলাইন-এ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (হার্ড কপি) আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। প্রেরিত আবেদনপত্র (হার্ড কপি) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিমুক্ত বা ভুল তথ্য সংবলিত আবেদনপত্র (হার্ড কপি) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইন-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।
৩. অনলাইন-এ বিপিএসসি-৮ পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ-
প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট website: www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন ফরম পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ওয়েবসাইটটি ওপেন করলে দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৭ এর বাটনে Click করলে Notice, Instructions for Submitting Application, বিপিএসসি ফরম-৮: রেজিস্ট্রেশন ফরম এর Link দৃশ্যমান হবে। Notice এর Link ক্লিক করলে দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর/২০১৭ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেওয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ Instruction for submitting Application --এ click করে Instruction অংশটি ভালো করে পড়বেন। বিপিএসসি ফরম-৮ এর ৪(চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলি রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং বিপিএসসি ফরম-৮ এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি (ইমেজ ৩০০x৩০০ পিক্সেল (Pixels), ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে) এবং স্বাক্ষর (ইমেজ ৩০০x৮০ পিক্সেল (Pixels), ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে) প্রয়োজন হবে।
৪. প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক অনলাইন-এর নির্ধারিত ফরম অনলাইন-এ আবেদন করতে হবে। অনলাইন-এ আবেদনপত্রের প্রিন্টেড কপি (হার্ড কপি) ব্যতীত অন্য ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না, অন্যান্য পূর্বের আবেদনপত্রে আবেদন করলে সেক্ষেত্রে বাতিল বলে গণ্য হবে।
৫. ওয়েব সাইটে অনলাইনে আবেদন করার বিস্তারিত নির্দেশাবলি দেওয়া আছে। [www. bpsc. gov. bd]
৬. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য এবং অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা পরবর্তী সময়ে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইটে হতে download করে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। অনলাইন-এ আবেদনপত্র ফরম পূরণে কোনো সমস্যা হলে e-mail:dept_support@ bpsc.gov.bd এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।





(মোঃ শাহ আলম হুদা)
পরিচালক(যোগা-সচিব,